# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 April, 2025

পহেলা বৈশাখ ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলার প্রাচীন রাজধানী ঐতিহাসিক সোনারগাঁয়ে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের আয়োজনে ১৫ দিনব্যাপী 'বৈশাখী মেলা-১৪৩২ ও সুবর্ণজয়ন্তী উৎসব-২০২৫' পালিত হবে।

১৪ই এপ্রিল সকাল সাড়ে ১০টায় ফাউন্ডেশন প্রাঙ্গণে এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ইলিয়া সুমনা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্য ও জাতীয় কারুশিল্প পরিষদের সভাপতি চন্দ্র শেখর সাহা, সোনারগাঁ উপজেলা নির্বাহী অফিসার ফারজানা রহমান, প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ফাউন্ডেশনের পরিচালক কাজী মাহবুবুল আলম। এ ছাড়াও সরকারি-বেসরকারি উচ্চপদস্থ ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।উদ্বোধন শেষে লোকজ মঞ্চে পরিবেশিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।এ ছাড়াও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. মফিদুর রহমান ফাউন্ডেশন আয়োজিত বৈশাখী মেলা-১৪৩২ ও সুবর্ণজয়ন্তী উৎসব-২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সম্মতি জ্ঞাপন করেছেন।

সোমবার বর্ষবরণ আনন্দ শোভাযাত্রার মাধ্যমে শুরু হবে বৈশাখী মেলা-১৪৩২ ও সুবর্ণজয়ন্তী উৎসব-২০২৫। ১৫ দিন ধরে চলা মেলায় থাকছে দেশের সেরা কারুশিল্পীদের হাতে তৈরি জামদানি, শতরঞ্জি, নকশি কাঁথা, মৃৎশিল্প, দারুশিল্প, হাতপাখা, কাঠ খোদাই শিল্প, পটচিত্র শিল্প, শোলাশিল্প, বাঁশ-বেতশিল্প এবং ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর কারুশিল্পীদের সৃষ্টিশীল কর্মের উপস্থাপন এবং বিপণনের সুযোগ। মেলায় আরও থাকছে বাউল গান, লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান, পুতুল নাচ, হালখাতা, বায়স্কোপ, সাপের খেলা, নাগরদোলাসহ গ্রামীণ বিনোদনের নানা আয়োজন। এ ছাড়াও কৈশোরের রোমাঞ্চকর মুহূর্তগুলোকে পুনরায় আলিঙ্গন করতে থাকছে হারিয়ে যাওয়া গ্রামীণ খেলা তিন গুটি, সাত গুটি বাঘবন্দি, কানামাছি, গোল্লাছুট, বউচি, কপাল টোক্কাসহ আরও অনেক কিছু।আর রসনাতৃপ্তির জন্য থাকবে মুখরোচক সব বাঙালি খাবার।

পহেলা বৈশাখ সোনারগাঁ বৈশাখীমেলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:58

URL: https://www.timestodaybd.com/across-the-country/226379711